যুগান্তর

তারিখ ...... 4 JUL 2017
পৃষ্ঠা ...২-৬... কলাম ...৫...

# মেঘনা উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তাকে স্ট্যান্ড রিলিজ

দাউদকান্দি প্রতিনিধি

দুর্নীতি ও বিভিন্ন অনিয়মের অভিযোগে কুমিল্লার মেঘনা উপজেলার প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মো. আরিফুল ইসলামকে স্ট্যান্ড রিলিজ আদেশে বদলি করেছে প্রাথমিক শিক্ষা অধিদফতর। সোমবার প্রাথমিক শিক্ষা অধিদফতর ঢাকা অফিস থেকে পাঠানো এক চিঠির মাধ্যমে আগামী ৯ জুলাইয়ের মধ্যে শিক্ষা কর্মকর্তা কর্মস্থল ত্যাগ করার জন্য নির্দেশ দেয়া হয়েছে। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস ও ভুক্তভোগী শিক্ষকদের সূত্রে জানা যায়, প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মো. আরিফুল ইসলাম মেঘনা উপজেলা যোগদানের পর বদলি বাণিজ্যে, দফতরি নিয়োগে মোটা টাকা বাণিজ্যে এবং শিক্ষকদের বিনোদন ভাতা উঠানোর জন্য প্রত্যেক শিক্ষকের কাছ থেকে ১ হাজার টাকা করে হাতিয়ে নেন। এতে মেঘনা উপজেলা সাধারণ শিক্ষকসমাজ তার দুর্নীতির প্রতিবাদে উপজেলা চেয়ারম্যান ও স্থানীয় সংসদ সদস্য মেজর জেনারেল (অব.) সুবিদ আলী ভূঁইয়ার সুপারিশকর্মে তা প্রাথমিক শিক্ষা অধিদফতর মহাপরিচালকের কাছে পাঠান। এছাড়া নিজ কর্মস্থলে তিনি প্রতি সপ্তাহে ২ দিন অফিস করায় তাকে উপজেলা নির্বাহী কর্মকর্তা শোকজ করেন।